

গুচ্ছ ভর্তিতেও গণঅভ্যুত্থানে শহীদ-আহতের পরিবারকে ‘বিশেষ সুবিধা’

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ৩০ মে ২০২৫, ১১:২৫



ছবি: সংগৃহীত

গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের পরিবারের সদস্যরা গুচ্ছভুক্ত ১৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে ‘বিশেষ সুবিধা’ পাবেন। শুধু গেজেট ও তালিকাভুক্তদের পরিবার এ সুবিধা পাবেন। এ সুবিধা শুধু চলতি ২০২৪-২৫ শিক্ষাবর্ষের জন্য নাকি পরবর্তীতেও চলমান থাকবে, সে বিষয়ে কিছু জানানো হয়নি।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

অন্তর্বর্তী সরকারের প্রজ্ঞাপনের আলোকে গুচ্ছ ভর্তি কমিটি এ সিদ্ধান্ত নিয়েছে বলে জানানো হয়েছে। শুক্রবার (৩০ মে) গুচ্ছ ভর্তির ওয়েবসাইটে প্রকাশিত ভর্তি নির্দেশনায় এ তথ্য জানানো হয়।

নির্দেশনায় বলা হয়েছে, ‘জুলাই-আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থান-সংক্রান্ত বিশেষ সুবিধা (জেএএসএফ)’ এর আওতায় গেজেটভুক্ত শহীদ এবং তালিকাভুক্ত আহতদের স্ত্রী, পুত্র-কন্যা (তাদের অনুপস্থিতিতে ভাই-বোন) ভর্তির ক্ষেত্রে বিশেষ সুবিধা পাবেন।’

বিষয়টি নিয়ে জানতে চাইলে গুচ্ছ ভর্তি কমিটির আহ্বায়ক মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আনোয়ারুল আজীম আখন্দ বলেন, ‘সরকারি প্রজ্ঞাপনের আলোকে আমরা এ নির্দেশনা দিয়েছি। প্রজ্ঞাপনের নির্দেশনা অনুযায়ীই আমরা এ সিদ্ধান্ত নিয়েছি। পরে যদি কোনো নির্দেশনা পাই, সে অনুযায়ী কাজ করা হবে।’

তিনি আরও বলেন, আগে এমন কোনো নির্দেশনা ছিল না। প্রজ্ঞাপনে ‘বিশেষ সুবিধা’ বলা হলেও সেটি বিস্তারিতভাবে ব্যাখ্যা করা হয়নি। অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোও প্রজ্ঞাপন অনুযায়ী একইভাবে কাজ করেছে। যেহেতু এটি সরকারি সিদ্ধান্ত, আমাদেরও তা মেনে চলতে হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, শুধু গেজেটভুক্ত শহীদ ও আহতদের পরিবার এ সুবিধা পাবেন। এর বাইরে কেউ এই সুবিধার আওতায় আসবে না।

এদিকে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোতে বিভাগ পছন্দক্রমসহ ভর্তির আবেদন শুরু হয়েছে বৃহস্পতিবার (২৯ মে) বিকেল ৫টায়। এ প্রক্রিয়া চলবে আগামী ৫ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত।

এর আগে গণঅভ্যুত্থানে গেজেটভুক্ত শহীদ এবং তালিকাভুক্ত আহত ব্যক্তিদের পরিবারের সদস্যদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে বিশেষ সুবিধা দেওয়ার কথা জানানো হয়।

বিষয়টি নিয়ে সমালোচনা শুরু হলে ব্যাখ্যা দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। তিনি বলেন, গণঅভ্যুত্থানে গেজেটভুক্ত শহীদ এবং তালিকাভুক্ত আহতদের পরিবারের সদস্যদের কেউ যদি ঢাকা বিশ্ববিদ্যালয়ের এবারের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকে, শুধু তার ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে। এ সুবিধা মাত্র এক বছরের জন্য। পরবর্তীতে এটি থাকবে না।